| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | রংপুর | ২ | ০ | ০ |
| | | | | |
| | **মোট** | **১৮** | **০** | **০** |

## ৭(ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

১. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১৮/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৮২ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ এর কারণে লকডাউন চলমান থাকায় ঢাকা-১৯ নির্বাচনী এলাকায় মানবিক সহায়তা প্রদানের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা এর অনুকূলে ২,০০০ (দুই হাজার) প্যাকেট/ বস্তা শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদান করা হয়েছে।

২. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১৫/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৮০ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯ এর চলমান সংক্রমণের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের মানুষকে সহায়তা প্রদানের জন্য শুধুমাত্র ৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত ৬৪টি জেলায় জেলা প্রশাসকগণের অনুকূলে সর্বমোট ১০০,০০,০০,০০০ (একশত কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

৩. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১২/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৭১ নং স্মারকের মাধ্যমে নারায়নগঞ্জ জেলার রুপগঞ্জ উপজেলার হাশেম গ্রুপের সেজান জুস কারখানায় অগ্নিকান্ডের ঘটনায় নিহত ও আহত পরিবারের অনুকূলে মানবিক সহায়তা প্রদানের জন্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

৪. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ১২/০৭/২০২১ খ্রিঃ তারিখের ২৬৬ নং স্মারকের মাধ্যমে কোভিড-১৯সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা প্রদানের জন্য দেশের ১২টি সিটি কর্পোরেশনের জন্য সর্বমোট ৮০০ (আটশত) মেঃটন (চাল) এবং ৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকা বরাদ্দ প্রদানকরা হয়েছে।

## ৭(খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

| ক্রঃ নং | ত্রাণ কার্যক্রমের নাম | বরাদ্দের পরিমাণ | | |
|---|---|---|---|---|
| | | চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ২২/০৭/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত) | বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত | মোট বরাদ্দ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) |
| ১ | **৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ** | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** | - | **১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা** |
| ২ | ত্রাণ কার্য (নগদ অর্থ) | ২৩,৩১,২৫,০০০/- (তেইশ কোটি এত্রিশ লক্ষ পচিঁশ হাজার) টাকা | ১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা | ১০৩৪,৪৪,৫৭,৫১১/- (এক হাজার চৌত্রিশ কোটি চুয়াল্লিশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত এগারো) টাকা |
| ৩ | চাল | ১,৩৩,৬৬০.৫১ (এক লক্ষ তেত্রিশ হাজার ছয়শত ষাট দশমিক পাঁচ এক) মে: টন | ৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন | ৫,৭৮,২০২.৫১ (পাঁচ লক্ষ আটাত্তর হাজার দুইশত দুই দশমিক পাঁচ এক) মে. টন |
| ৪ | শুকনা ও অন্যান্য খাবার | ২,০০০ (দুই হাজার) প্যাকেট | ৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট | ৬,৮৯,৭০০ (ছয় লক্ষ উননব্বই হাজার সাত শত) প্যাকেট |

